

শ্রেণি:ষষ্ঠ

বিষয়:বাংলা ১ম পত্র

অধ্যায়: (কতকাল ধরে,আসমানি,কাঠের পা)

সময়ঃ ৪০ মিনিট

পূর্ণমানঃ ২০

জ্ঞানমূলক প্রশ্নগুলোর উত্তর দাওঃ

৫

১. আসমানি কবিতায় অনেক দরদ দিয়ে কবি কী ঐকেছেন?
২. গার শব্দের অর্থ কী?
৩. আসমানি কবিতায় রহিমদ্দির বাড়ি কেমন ছিল?
৪. প্রাচীনকালে বড়লোকের মেয়েরা কীসের অলংকার ব্যবহার করত?
৫. নয় নম্বর সেক্টরের ক্যাপ্টেনের নাম কী?

অনুধাবনমূলক প্রশ্নগুলোর উত্তর দাওঃ

৫

১. বাবাকে হঠাৎ করেই নয়নের অচেনা মনে হয় কেন?
২. যাতায়াত ব্যবস্থার মধ্যেও কীভাবে ধনী-গরিব পরিলক্ষিত হয়?
৩. প্রাচীনকালে মানুষের দাম বেশি ছিল কেন?
৪. মিষ্টি তাহার মুখটি হতে হাসির প্রদীপ-রাশি, থাপড়েতে নিবিয়ে গেছে দারুণ অভাব আসি।-  
এই চরণ দুটি দ্বারা কী বুঝানো হয়েছে?
৫. আসমানির বাসস্থান সম্পর্কে নিজের ভাষায় বর্ণনা করে লিখ।

নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ

১০

ভিনদেশি সেনাপতি কয়েক হাজার সৈন্য নিয়ে ঝাড়খণ্ড অঞ্চলে হঠাৎ আক্রমণ করলেন। ঝাড়খণ্ডের মানুষজন ছিল সহজ-সরল, সেখানে সবাই সবার ওপর নির্ভরশীল ছিল। সবার মতামতের ভিত্তিতে সবকিছু নিয়ন্ত্রিত হতো। স্বনির্ভর ও বৈষম্যহীন সমাজ-ব্যবস্থা ছিল। সবচেয়ে বড় কথা ছিল তারা সুখী মানুষ। কিন্তু সেনাপতি যেদিন আক্রমণ করলেন সেদিন থেকেই সব শেষ হয়ে যায়। সেনাপতি রাজা হলেন, মন্ত্রিপরিষদ, উপদেষ্টা বানালেন। নানারকম নিয়মকানুন, করারোপ জারি করলেন। রাজার অনুগতরা প্রজাদের ওপর অত্যাচার চালাতো। ফলে ঝাড়খণ্ডের সাধারণ মানুষের জীবন হয়ে ওঠে দুর্বিষহ।

ক. সামন্ত কাদের বলা হতো?

খ. ইতিহাস কী নিয়ে আলোচনা করে? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের ঝাড়খণ্ডের পরিণতির সাথে 'কতকাল ধরে' প্রবন্ধের কোন দিকটির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপক ও 'কতকাল ধরে' প্রবন্ধের মূলভাব পুরোপুরি এক"-যুক্তিসহকারে তোমার মতামত লিখ।

সাহানা পারভীন সুমি